সমকাল

তারিখ: 31 MAR 2016
পৃষ্ঠা: ২০ কলাম: 2

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বকেয়া পেতে দেরি হবে

■ বিশেষ প্রতিনিধি

সারাদেশের বেসরকারি এমপিওভুক্ত পাঁচ লাখ শিক্ষক-কর্মচারীর মার্চ মাসের বেতন নতুন স্কেলেই হচ্ছে। তবে তাদের প্রথম ছয় মাসের বকেয়া পেতে কিছুটা দেরি হতে পারে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল-কলেজ-মাদ্রাসা) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা মার্চ থেকেই নতুন স্কেলে বেতন পাবেন।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) পরিচালক (কলেজ ও প্রশাসন) অধ্যাপক এসএম ওয়াহিদুজ্জামান এবং উপপরিচালক (প্রশাসন) অধ্যাপক শফিকুল ইসলাম সিদ্দিকী সমকালকে বলেন, অর্থ মন্ত্রণালয় থেকে বকেয়া বেতনের টাকা পাওয়া গেলেও তাদের হিসাবের কাজ এখনও শেষ হয়নি। এপ্রিল বা মে মাসের বেতনের সঙ্গে বকেয়া দেওয়া ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## এমপিওভুক্ত শিক্ষক

[১৯ পৃষ্ঠার পর]

যাবে। এ জন্য কাজ চলছে। যত দ্রুত সম্ভব বকেয়া দেওয়া হবে। তবে যে মাসে সবাই নতুন পে স্কেল অনুযায়ী বকেয়াসহ সব পাওনা পেয়ে যাবেন।

সংশ্লিষ্টরা জানান, এমপিওভুক্ত শিক্ষকদের শূন্যপদের হিসাবটি একটি জটিল প্রক্রিয়া। এটিকে খুবই সাবধানের সঙ্গে সমন্বয় করতে হয়। না হলে সরকারি অর্থের অপচয় ও অনিয়ম হতে পারে। মাউশির একাধিক সূত্র জানায়, কয় ধাপে বকেয়ার টাকা দেওয়া হবে সে ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় থেকে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত পাওয়া যায়নি।

গত সোমবার বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীকে নতুন পে-স্কেলে গত বছরের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছয় মাসের বকেয়া দেওয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।